

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
মিরপুর-২, ঢাকা- ১২১৬।  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪৭৪.১৮- ০৩ (ন)

তারিখঃ

৩৮ পৌষ, ১৪২৫  
০৩ জানুয়ারি, ২০১৯

বিষয় : রীট পিটিশন নং ১৩১২১/২০১৮ এর দফাওয়ারী ইংরেজী জবাব ও রীট সংশ্লিষ্ট তথ্য/রেকর্ডপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সাঘাটা উপজেলার জনাব মোঃ আইয়ুব হোসেনসহ সিরাজগঞ্জ, রংপুর, দিনাজপুর, পটুয়াখালী, চট্টগ্রাম, পাবনা, সাতক্ষীরা, খুলনা জেলার মোট ১৮(আঠার) জন সহকারী শিক্ষক প্রধান শিক্ষক হিসেবে জাতীয়করণসহ অন্যান্য সুযোগ সুবিধার দাবীতে মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ১৩১২১/২০১৮ দায়ের করেছেন। রীট পিটিশনটিতে সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে ১নং, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে ৩নং রেসপনডেন্টসহ অন্যান্যদেরকে রেসপনডেন্ট করা হয়েছে। মহামান্য আদালত ০৭.১১.২০১৮ তারিখে রেসপনডেন্টদের প্রতি রুল নিশি ইস্যু সহ নিম্নরূপ আদেশ প্রদান করেনঃ

Subject to the disposal of the Rule, the parties are directed to maintain status-quo in respect of the position of the petitioners as Headmaster of their respective nationalized primary schools for a period of 01(one) year from date.


০২। রীট পিটিশনটির পূর্ণাঙ্গ আরজির কপি মহামান্য আদালত থেকে পাওয়া যায়নি। তাছাড়া রীট পিটিশনটির দফাওয়ারী ইংরেজী জবাব ও সরকার পক্ষের রেকর্ডপত্র মহামান্য আদালতে দাখিল করা প্রয়োজন। মহামান্য আদালত থেকে প্রাপ্ত আরজির কপি সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়ে ই-মেইলে প্রেরণ করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, রীট পিটিশন নং ১৩১২১/২০১৮ এর প্রেক্ষিতে পিটিশনারগণের নিকট থেকে আরজির পূর্ণাঙ্গ কপি সংগ্রহপূর্বক নিম্নোক্ত তথ্য/রেকর্ড সমূহ আগামী ০৭ (সাত) দিনের মধ্যে অধিদপ্তরের আইন কোষে আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- (১) রীট পিটিশন নং ১৩১২১/২০১৮ এর বিষয়ে তার গৃহীত কার্যক্রমের বিবরণ, ০৩ (তিন) প্রস্থ।
- (২) রীট পিটিশনের দফাওয়ারী ইংরেজী জবাব/সরকার পক্ষের যুক্তিসমূহ (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ), ০৩ (তিন) প্রস্থ।
- (৩) আদেশের সার্টিফাইড কপি এবং আরজির পূর্ণাঙ্গ কপি।
- (৪) সরকার পক্ষের যাবতীয় রেকর্ড পত্র, ০৩ (তিন) প্রস্থ।
- (৫) প্রতিটি রেকর্ড স্পষ্ট হওয়া প্রয়োজন।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি, ১। রুলের কপি।

  
(মুহাম্মদ রকিবুল বসিলাম তালুকদার)  
সহঃ পরিচালক (আইন)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার  
গাইবান্ধা/ সিরাজগঞ্জ/ রংপুর/ দিনাজপুর,  
পটুয়াখালী/চট্টগ্রাম/পাবনা/ সাতক্ষীরা/ খুলনা।

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪৭৪.১৮- ০৩(ন)/৮


তারিখঃ

৩৮ পৌষ, ১৪২৫  
০৩ জানুয়ারি, ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর/রাজশাহী/বরিশাল/চট্টগ্রাম/খুলনা বিভাগ, রংপুর/রাজশাহী/বরিশাল/চট্টগ্রাম/খুলনা তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। অফিস নথি।

  
(মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার)